

## Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 07 May, 2025

প্রায় ৯২ দিন পর পূর্ণাঙ্গ হয়েছে চট্টগ্রাম দক্ষিণ জেলা বিএনপির আহ্বায়ক কমিটি। এতে আহ্বায়ক ও সদস্য সচিবসহ ঠাই হয়েছে ৫৪ জনের। তবে বাদ পড়েছেন আংশিক কমিটিতে থাকা যুগ্ম আহ্বায়ক আলোচিত লিয়াকত আলী। এদিকে, কমিটিতে আগের বিলুপ্ত কমিটির সিনিয়র যুগ্ম আহ্বায়ক এনামুল হক এনামকে দেওয়া হয়েছে ‘সম্মানসূচক’ সদস্য পদ।

মঙ্গলবার (৬ মে) দলের সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভীর স্বাক্ষরে ৫৪ সদস্য বিশিষ্ট চট্টগ্রাম দক্ষিণ জেলা বিএনপি’র পূর্ণাঙ্গ আহ্বায়ক কমিটি ঘোষণা করা হয়েছে।

এর আগে, গত ২ ফেব্রুয়ারি ইদ্রিস মিয়াকে আহ্বায়ক এবং লায়ন হেলাল উদ্দিনকে সদস্যসচিব করে চট্টগ্রাম দক্ষিণ জেলা বিএনপির আংশিক আহ্বায়ক কমিটি ঘোষণা করা হয়। এতে সিনিয়র যুগ্ম আহ্বায়ক করা হয়েছিল আলী আব্বাসকে। আর যুগ্ম আহ্বায়ক করা হয়েছিল লিয়াকত হোসেন ও মিশকাতুল ইসলাম চৌধুরী পাঙ্গাকে।

কমিটিতে পটিয়ার মো. ইদ্রিস মিয়াকে আহ্বায়ক, আনোয়ারার লায়ন হেলাল উদ্দিনকে সদস্য সচিব, কর্ণফুলীর আলী আব্বাসকে সিনিয়র যুগ্ম আহ্বায়ক করে আরো ৮ জনকে করা হয়েছে যুগ্ম আহ্বায়ক। তারা হলেন- বাঁশখালীর মিশকাতুল ইসলাম চৌধুরী পাঙ্গা, আমিনুল হক চৌধুরী, আসহাব উদ্দিন চৌধুরী, নুরুল আনোয়ার চৌধুরী, জামাল হোসেন, মুজিবুর রহমান, রেজাউল করিম চৌধুরী নেছার ও সাইফুদ্দীন সালাম মিঠু।

এছাড়াও আরো ৪৩ জনকে রাখা হয়েছে সদস্য হিসেবে। তারা হলেন- শেখ মোহাম্মদ মহি

উদ্দিন, ইফতেখার মহসিন চৌধুরী, মোস্তাক আহমদ খান, এনামুল হক এনাম, বদরুল খায়ের চৌধুরী, এস এম মামুন মিয়া, আমিনুর রহমান চৌধুরী, জহিরুল ইসলাম চৌধুরী আলমগীর, কামরুল ইসলাম হোসাইনী, শফিকুল ইসলাম চেয়ারম্যান, জাহাঙ্গীর আলম চৌধুরী, নাজমুল মোস্তফা আমিন, মাষ্টার মোহাম্মদ লোকমান, শওকত আলম চৌধুরী, ছলিম উদ্দিন চৌধুরী, হাজী মো. রফিকুল আলম, মাষ্টার মোহাম্মদ রফিক রাজীব জাফর চৌধুরী, সাজ্জাতুর রহমান চৌধুরী, সরওয়ার হোসেন মাসুদ, জাহাঙ্গীর কবির, হাজী মোহাম্মদ ওসমান, জাগির আহমদ, আমিনুল ইসলাম, মোজাম্মেল হক বেলাল, জসীম উদ্দিন, সালাহ উদ্দিন চৌধুরী সোহেল, শেফায়েত উল্লাহ চক্ষু, ফজলুল কবির ফজু, মোহাম্মদ শাহীনুর শাহীন, মোহাম্মদ ঈসমাইল, ইফতেখার হোসেন চৌধুরী, হেলাল উদ্দিন, জাবেদ মেহেদী হাসান সুজন, মোহাম্মাদ ইব্রাহীম, দিল মোহাম্মদ মঞ্জু এম মনজুর উদ্দিন, মোহাম্মদ ফারুক হোসেন, সালেহ জহুর, দেলোয়ার আজীম, শাহাদাত হোসেন সুমন, মোস্তাফিজুর রহমান, দেলোয়ার হোসেন।

এর আগে, গত বছরের ১ সেপ্টেম্বর দেশের আলোচিত শিল্পগোষ্ঠী এস আলমের বিলাসবহুল গাড়িকাণ্ডে বিলুপ্ত ঘোষণা করা হয় চট্টগ্রাম দক্ষিণ জেলা বিএনপির আহ্বায়ক কমিটি।

বিএনপি

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 13:23

URL: <https://www.timestodaybd.com/public/chittagong/2094139775>